

বঙ্গভবন ২৬ এপ্রিল ২০২৩:

টুঞ্জিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে পুষ্পস্তবক অর্পণ করে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন।

শপথ গ্রহণের পর স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানাতে সড়ক পথে পদ্মা সেতু হয়ে প্রথম বারের মতো গোপালগঞ্জের টুঞ্জিপাড়ায় যান রাষ্ট্রপতি।

টুঞ্জিপাড়ায় পৌঁছলে বঙ্গবন্ধুর পরিবারের সদস্য এবং স্থানীয় সংসদ সদস্যগণ রাষ্ট্রপতিকে স্বাগত জানান।

এরপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে পুষ্পস্তবক অর্পণ করেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন।

জাতির পিতার স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন রাষ্ট্রপতি।

সেনা, নৌ ও বিমান বাহিনীর একটি চৌকস দল রাষ্ট্রীয় সালাম প্রদান করে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও বিশেষ মোনাজাত করা হয়।

এরপর রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন।

রাষ্ট্রপতির সহধর্মিণী ড রেবেকা সুলতানা তাঁর পরিবারের সদস্যদের সাথে নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করেন।

এর আগে, টুঞ্জিপাড়ায় যাওয়ার সময় রাষ্ট্রপতি স্বপ্নের পদ্মা সেতুর উপর গাড়ি থেকে নামেন এবং সেতু পরিদর্শন করেন।